সাকিবের রেকর্ড কেড়ে নেওয়ার অপেক্ষায় লিটন

এশিয়া কাপে আজ বাংলাদেশের প্রতিপক্ষ শ্রীলঙ্কা। দলটার বিপক্ষে কঠিন এক পরীক্ষা অপেক্ষা করছে দলের জন্য। তবে এই ম্যাচে বাড়তি নজর লিটন দাসের ওপরও থাকবে। দারুণ ছন্দে থাকা লিটন যে আজ সাকিব আল হাসানের রেকর্ড কেড়ে নেওয়ার অপেক্ষায় আছেন!

শ্রীলঙ্কার বিপক্ষে লিটনের পারফর্ম্যান্সের ইতিহাস অবশ্য তার ক্যারিয়ার গড় মেনেই এগিয়েছে। তবে দলটার বিপক্ষে এই লড়াই তার মনে বাড়তি সুখস্মৃতি দিতে পারে এই কারণে যে, এই দলের বিপক্ষেই যে সঞ্জীবনী সুধার দেখা পেয়েছিলেন লিটন।

পূর্ণ মেয়াদে অধিনায়কত্ব পেয়ে দল জয় পাচ্ছিল না, তার ব্যাটও হাসছিল না। একেবারে যে হাসছিল না, তা নয়। সংযুক্ত আরব আমিরাতের বিপক্ষে একটা চল্লিশোর্ধ্ব ইনিংস ছিল, কিন্তু তাতে তার অ্যাপ্রোচ আর স্ট্রাইক রেট নিয়ে প্রশ্ন উঠে যাচ্ছিল। তার সঙ্গে পরের ইনিংসেই মুখ থুবড়ে পড়া জানান দিচ্ছিল, তিনি ঠিক ছন্দে ফেরেননি। পাকিস্তানের বিপক্ষে ইনিংসটা সেসব দোষে দুষ্ট ছিল না, তবে তাতেও দলও খুব একটা উপকৃত হয়নি, আমিরাত ম্যাচের মতো হারই জুটেছে কপালে।

লিটনের সেই বিধ্বংসী রূপের দেখা মিলল শ্রীলঙ্কার মাটিতে। ক্যারিয়ারের দ্বিতীয় সর্বোচ্চ ৭৬ রানের একটা ইনিংস খেললেন ৫০ বল খেলে। বাংলাদেশও ৬ ম্যাচের জয়খরা কাটাল ওই রাতেই। সে রাতেই হয়তো লিটন অনুচ্চারে বলে উঠলেন, ‘আমি সহসা আমারে চিনেছি, আমার খুলিয়া গিয়াছে সব বাঁধ’! হয়তো বাংলাদেশও!

এরপর পাকিস্তান সিরিজটা ভালো কাটেনি লিটনের, তবে তখন মিরপুরের ওই উইকেট নিয়ে আলোচনাও কিন্তু কম হয়নি! সিলেটে পা রাখতেই অন্য লিটনের দেখা মিলল। নেদারল্যান্ডসের বিপক্ষে করলেন ৫৪*, ১৮* আর ৭৩।

সেটা টেনে নিয়ে এলেন এশিয়া কাপেও। দল যখন হংকংয়ের বিপক্ষে বিপদের গন্ধ পাচ্ছিল, ঠিক তখন ৩৯ বলে ৫৯ রানের ইনিংস খেললেন। দলকে জয়ের খুব কাছাকাছি নিয়ে গিয়ে তবেই ফিরলেন। এই সবকিছুর শুরু যে শ্রীলঙ্কার বিপক্ষে খেলে হয়েছিল, সেই শ্রীলঙ্কার সামনেই আজ লিটন।

এই ম্যাচের আগে তাই তার ওপরই নজর সবার।

লিটন চলতি বছরে দারুণ ছন্দে আছেন, সেটা বুঝতেই পারছেন। ২০২৫ সালে তিনি রান করেছেন ৪৭৬, স্ট্রাইক রেটটাও বেশ ভালো, ১৩৬.১৭। টেস্ট খেলুড়ে দলগুলোর ভেতরে তার চেয়ে বেশি টি-টোয়েন্টি রান নেই আর কারও। শেষ চার ইনিংসে তার ছন্দটা আরও ভালো চোখে পড়ছে। এই সময়ে তিনি একবারও পঞ্চাশের আগে আউট হননি।

আজও যদি ধারাটা ধরে রাখতে পারেন, তাহলে একটা রেকর্ড অপেক্ষা করছে তার জন্য। বর্তমানে তার রান ২৪৯৬। আর মাত্র ৫৬ রান করলে তিনি ভেঙে দেবেন সাকিব আল হাসানের এক রেকর্ড। এখন পর্যন্ত ২৫৫১ রান নিয়ে বাংলাদেশের সর্বোচ্চ টি-টোয়েন্টি রান সাকিবের। ছন্দ ধরে রাখতে পারলে সে রেকর্ডটা আজই ভেঙে দিতে পারেন লিটন।

শেষ কিছু দিনে তিনি বাংলাদেশের টি-টোয়েন্টি ব্যাটিংয়ের মেরুদণ্ডই বনে গেছেন। তিনি রান করছেন মানেই যেন বাংলাদেশ হাসছে। সেই তিনি আজ শ্রীলঙ্কার বিপক্ষে সাকিবের রেকর্ডটা ভাঙুন আর নাই ভাঙুন, তার কাছে নিশ্চয়ই বড় কিছুর আশা নিয়ে বসে থাকবে দল, তা একরকম নিশ্চিত।

এশিয়ার সর্বকালের সেরা টি-টোয়েন্টি একাদশে সাকিব

আগামী ৯ সেপ্টেম্বর সংযুক্ত আরব আমিরাতে পর্দা উঠবে টি-টোয়েন্টি ফরম্যাটের এশিয়া কাপের। সে আসর শুরুর আগে এশিয়ার সর্বকালের সেরা টি-টোয়েন্টি একাদশ বেছে নিয়েছে ক্রিকেট বিষয়ক ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফো। তালিকায় বাংলাদেশের একমাত্র প্রতিনিধি সাকিব আল হাসান।

বিশেষজ্ঞদের তৈরি করা এই দলে ভারত থেকে সর্বোচ্চ চারজন, শ্রীলংকা থেকে তিনজন, পাকিস্তান থেকে দুইজন এবং আফগানিস্তান ও বাংলাদেশ থেকে একজন করে ক্রিকেটারকে রাখা হয়েছে।

ক্রিকইনফোর এই একাদশে ইনিংস শুরু করবেন শ্রীলংকার সনৎ জয়সুরিয়া ও মাহেলা জয়াবর্ধনে। তিন নম্বরে ভারতের বিরাট কোহলি, চার নম্বরে সুর্যকুমার যাদব এবং পাঁচ নম্বরে অধিনায়ক ও উইকেটরক্ষক মহেন্দ্র সিং ধোনি।

ছয় নম্বরে জায়গা পেয়েছেন বাংলাদেশের সাকিব আল হাসান। এরপর আছেন শহীদ আফ্রিদি।

এশিয়ার সর্বকালের সেরা টি-টোয়েন্টি একাদশে আট নম্বরে আছেন আফগান অলরাউন্ডার রশিদ খান। দলের পেস আক্রমণে থাকছেন পাকিস্তানের উমর গুল, ভারতের জাসপ্রীত বুমরাহ ও শ্রীলংকার লাসিথ মালিঙ্গা। দ্বাদশ ব্যক্তি হিসেবে রাখা হয়েছে পাকিস্তানের স্পিনার সাঈদ আজমলকে।

এশিয়ার সর্বকালের সেরা টি-টোয়েন্টি একাদশ

সনৎ জয়সুরিয়া, মাহেলা জয়াবর্ধনে, বিরাট কোহলি, সুর্যকুমার যাদব, মহেন্দ্র সিং ধোনি (অধিনায়ক ও উইকেটকিপার), সাকিব আল হাসান, শহীদ আফ্রিদি, রশিদ খান, উমর গুল, জাসপ্রীত বুমরাহ ও লাসিথ মালিঙ্গা। দ্বাদশ ব্যক্তি- সাঈদ আজমল।

সূত্র: যুগান্তর।